# উল্লাপাড়া উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ১১-০৪-২০২২ খ্রিঃ । সময় : দুপুর ১২.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

সভায় উপস্থিত মাসিক সভার প্রধান উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ-৪ মহোদয়সহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | মার্চ/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | মার্চ/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান PEDP-4 প্রকল্পের আওতায় বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এর নির্মাণ কাজের কার্যাদেশ বাতিল প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় ঠিকাদার ২৫% কাজ সম্পন্ন করেছে যা পরিমাপ করা প্রয়োজন। ফলে তিন সদস্যর একটি কমিটি গঠন করা প্রয়োজন। | ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজ পরিমাপের জন্য সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া, উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া এর সমন্বয়ে তিন সদস্যর কমিটি গঠন করা হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। JICA প্রকল্পের আওতায় (২০১৯-২০২০) অর্থ বছরের কয়ড়া হাট সেড ও ওয়াসব্লক নির্মাণ কাজ ঠিকাদার মেসার্স রাতুল এন্টারপ্রাইজ সম্পন্ন করেছে। ঠিকাদার চূড়ান্ত বিলের আবেদন করেছেন। বিধায় কাজের গুনগত মান যাচাইঅন্তে চূড়ান্ত বিল প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। নীট ১২১৪৪২৮ টাকা, আয়কর ৪০৭০৭, ভ্যাট ১,০১৭৬৮ টাকা, মোট ১৩৫৬৯০৩ টাকা। | ২। কাজের গুনগত মান যাচাইঅন্তে চুড়ান্ত বিল প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৩। JICA প্রকল্পের আওতায় (২০১৯-২০২০) অর্থ বছরে কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আল্ট্রা সাউন্ড মেশিন সহ অন্যান্য চিকিৎসা উপকরণ ও মধু রিফাইনারী মেশিন সরবরাহের জন্য মেসার্স ইসলাম ট্রেডার্স কে কার্যাদেশ প্রদান করা হয়। ঠিকাদার স্বাস্থ্য কমপ্লেক্স এর মেশিনারীজ ইতিমধ্যে স্থাপন করেছে এবং মধু রিফাইনারী মেশিনটির বর্তমান মূল্য বাজার মূল্য অপেক্ষা অনেক বেশি। JICA প্রতিনিধি এবং বিশ্বস্থ সূত্রে জানতে পারা যায় মধু রিফাইনারী মেশিনটির মূল্য অনেক বেশি এবং এর সত্যতা পাওয়া যায়। এমতাবস্থায় ঠিকাদার মধু রিফাইনারী মেশিনটি সরবরাহ করতে অপারগতা প্রকাশ করে যা ০৭/০৫/২০২২ খ্রি. পত্রের মাধ্যমে অবহিত করেন। মেসার্স ইসলাম ট্রেডার্স কে ব্লাক লিস্টেড করে এ উপজেলার সকল টেন্ডার কার্যক্রমে অংশ্রগহণ করতে না দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩। বর্তমানে প্রায় সকল পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে কিন্তু দেয় দর বৃদ্ধির কোন সুযোগ না থাকার কারনে সংশ্লিষ্ট ঠিকাদারের Performance Security বাজেয়াপ্ত করে নতুন ভাবে টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।মেসার্স ইসলাম ট্রেডার্স কে ব্লাক লিস্টেড করে এ উপজেলার সকল টেন্ডার কার্যক্রমে অংশ্রগহণ করতে না দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৪। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০.০৪৬.১৮. ৪৮৭.১২.২১৪, তারিখ- ১১-১১-২০২১খ্রি. মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের বাসভবন ও সার্বক্ষনিক নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে অতিরিক্ত ৫.০০লক্ষ টাকা সহ সর্বমোট ২০.০০ লক্ষ টাকার অনুমোদন পাওয়া যায়। রাজস্ব খাত ব্যবহার করা হবে বিধায় OTM ইজিপি (± ১০%) অথবা LTM (লটারীর) মাধ্যমে দরপত্র আহ্বান করা যেতে পারে। | ৪। রাজস্ব তহবিলের সাশ্রয় বিবেচনা করে ইজিপি (± ১০%) এর মাধ্যমে দরপত্র আহ্বান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৫। বিভিন্ন দপ্তরের আসবাবপত্র সরবরাহ ও মেরামত করার লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ৩(ছ) মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য ৩০০০০০/- (তিন লক্ষ ) টাকা ব্যবহার করা যেতে পারে।<br><br>৬। সলঙ্গা থানার অধীন হাটিকুমরুল গোলচত্বরে, উপজেলার প্রশাসনিক ভবনে এবং থানা মোড় হতে উপজেলা পরিষদের গেইট পর্যন্ত ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা স্থাপনের জন্য রাজস্ব তহবিল নির্দেশিকা মোতাবেক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যবহার করা যেতে পারে।<br><br>৭। পানির পাম্প মেরামত তিনটি স্থানে পানির লাইন মেরামত জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। আনুমানিক ব্যয় ১,০০,০০০/- টাকা। এ খাতে চলতি অর্থ বছরে ইতোমধ্যে ২০০০০/- টাকা ব্যয় করা হয়েছে।<br><br>৮। বিভিন্ন দপ্তরের সৌর বিদ্যুৎ প্যনেল মেরামত ও দাপ্তরিক কাজ তরান্বিত করার জন্য আইপিএস সংযোগ প্রয়োজন।<br><br>৯। ফরমালিন আর্সেনিক ও অন্যান্য রাসায়নিক দ্রব্যাদি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য কীট সংগ্রহ করা প্রয়োজন।<br><br>১০। রাজস্ব তহবিলের আওতায় বাসাবাড়ী মেরামত খাতে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের বাসভবনের সামনের দেওয়াল মেরামত বাবদ ২০০০০০/- টাকা একটি পিআইসি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাতে ফটোকপি মেশিন, কম্পিউটার ও ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। | ৫। RFQM এর মাধ্যমে আসবাবপত্র মেরামত ও ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৬। RFQM এর মাধ্যমে ক্লোজ সার্কিট ক্যামেরা ও সংশ্লিষ্ট সামগ্রী ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৭। ১,০০,০০০/- টাকা প্রাক্কলন প্রস্তুত করে পিআইসি'র মাধ্যমে দ্রুত মেরামত কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br><br>৮। উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যহরার নির্দেশিকার ৩(দ) মোতাবেক রাজস্ব তহবিল ব্যবহার করে পিআইসি এর মাধ্যমে দ্রুত সময়ের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো। ব্যয় সর্বোচ্চ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা।<br><br>৯ । উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক RFQM এর মাধ্যমে ১,০০,০০০/- টাকার কীট সংগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হলো।<br><br>১০। বিস্তারিত আলোচনান্তে বাসাবাড়ী মেরামত খাতে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের বাসভবনের সামনের দেওয়াল মেরামত কাজ সম্পন্ন করতে ২০০০০০/- টাকা একটি পিআইসি গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>১১। ফটোকপি মেশিন, কম্পিউটার ও ল্যাপটপ ক্রয়ের জন্য আরএফকিউ পদ্ধতিতে ৩০০০০০/- টাকা প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি ঃ**<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান আগামী ২০-০৪-২০২২ পর্যন্ত শ্রেণী কার্যক্রম স্বল্প পরিসরে ক্লাস চলমান থাকবে। আগামী ১৮-০৪-২০২২ তারিখ বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। অনলাইন এমপিও কার্যক্রম চলমান আছে। | অনলাইন পাঠদান কার্যক্রম নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও মাদ্রাসায়) ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি**<br><br>উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উল্লাপাড়া জানান কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের জন্য ০৫ টি কম্বাইন হারভেস্টার, ০১টি রিপার, ০৪টি সিডার ও ০৪টি পাওয়ার থ্রেসারের অনুমোদন পাওয়া গেছে। এছাড়া আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৭০০ জন ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের মাঝে আউশ বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলবে। কৃষি পুনর্বাসিন কার্যক্রমের আওতায় ১জন কৃষক ১বিঘা জমি চাষাবাদের জন্য প্রত্যেকে ৫কেজি আউশ বীজ, ২০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার পাবেন। এ কাজ সম্পন্ন করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | কৃষি পুনর্বাসিন কার্যক্রম বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শিক্ষার্থীদের করোনাকালীন পড়ালেখার ঘাটতি পূরণের লক্ষ্যে ২০ রমজান পর্যন্ত সরকারি সিদ্ধান্ত মোতাবেক শ্রেণি পাঠদান চলমান আছে। | শিক্ষকদের স্কুলে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করাসহ পাঠদান কার্যক্রম নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি ঃ**<br>**প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>এলডিডিপি-২ প্রকল্পের আওতায় এআইএফ-২ উপ-প্রকল্পের অধীনে ৯টি সিআইজি এর মধ্যে এড়ে/বকনা/ছাগল বিতরণ করা হয়েছে। বিতরণ অনুষ্ঠান মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>**মৎস্য বিভাগ ঃ**<br>রাজস্ব ও এডিপি বাজেটের আওতায় ০৭টি বিল নার্সারীর স্থান নির্বাচন করা হয়েছে। ১৫ এপ্রিলের মধ্যে রেনু অবমুক্ত করা হবে। এছাড়া প্রশিক্ষণ, মৎস্য আইন বাস্তবায়নসহ অন্যান্য কাজ চলমান আছে। | অন্যান্য সিআইজি গুলোকে এআইএফ-২ এর আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>রমজান মাসে উপজেলার মাছের আড়ৎগুলোতে তদারকি বৃদ্ধি করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উল্লাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি ঃ**<br>তিনি বলেন মার্চ, ২০২২ মাসে উপজেলা যুব উন্নয়ন দপ্তরের অধীনে ৩ মাস মেয়াদী গবাদিপশু, হাস মুরগী পালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণে সিরাজগঞ্জ যুব প্রশিক্ষন কেন্দ্রে ৭জন বেকার যুব/যুব মহিলাকে প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। ৫০ জন যুব ও যুব মহিলাদের মাঝে ৬০০০০০/- (ছয় লক্ষ) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে ৯৩জন যুব ও যুব মহিলাকে ২৭,৬০,৬০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। | উপজেলা যুব উন্নয়ন দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একটি সার সংক্ষেপ অর্থ বছরের শুরুতেই উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে। ঋণ বিতরণ কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি ঃ**<br>**১। পল্লী উন্নয়ন বিভাগ :**<br>৬০ জন সদস্যের মাঝে ১৬৭৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় মার্চ, ২০২২ মাসে ২৫১৯০০০/- টাকা।<br>**২। সমবায় বিভাগ :**<br>সকল সমবায় সমিতিগুলোকে সমবায় আইন ও বিধিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য মনিটরিং জোরদার করা হয়েছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করাসহ সকল ধরনের ঋণ প্রদান কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখতে হবে।<br><br>সকল আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br>অত্র উপজেলায় মোট ৪৮৪.০০ মেঃ টন আমন ধান/২২ সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মধ্যে ৫১.০০ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ৪৩৩.০০ মেঃ টন ধান বাজারমূল্য উর্ধ্বগতির ফলে সংগ্রহ করা সম্ভব হয় নাই।<br>২। অত্র উপজেলায় মোট ১১৯৮.০০ মেঃ টন ও ২৪৬.৪৮০ মেঃ টন পুনঃ মোট ১৩৭৪.২৪০ মেঃ টন চাল আমন/২০২১-২২ মৌসুমে সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মধ্যে ১৩৭৪.২৪০ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে অবশিষ্ট ০.১৪০ মেঃ টন চাল বিভাজন জনিত কারনে সংগ্রহ করা | প্রান্তিক কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ করতে হবে।<br><br>৬৫জন বৈধ লাইসেন্সধারী চুক্তিবদ্ধ মিলারদের নিকট হতে চাল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সম্ভব হয়নি।<br><br>৩। গত ২০ জানুয়ারী, ২০২২ হতে অদ্যাবধি ওএমএস কার্যক্রমে চাল ও আটা বিক্রি অব্যাহত রয়েছে। এ পর্যন্ত মোট ৮২০.০০মেঃ টন চাল ও ৩৯৮.০০ মেঃ টন আটা প্রতিদিন ০৬ জন ডিলারের মাধ্যমে বিক্রয় করা হয়েছে।<br><br>৪। মার্চ, ২০২২ মাসে ৭৭.৯৪০ মেঃ টন ভিজিডি চাল বিতরণ করা হয়েছে।<br><br>৫। কাবিটা সাধারণ এর আওতায় ফেব্রুয়ারী, ২০২২ মাসে ১৫৪.৭৫৪ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে।<br><br>৬। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় মার্চ, ২০২২ মাসে ৭৪০.৬৭০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে। | ০৬ জন ওএমএস ডিলারের মাধ্যমে নিম্ন আয়ের মানুষের মাঝে চাল ও আটা বিক্রি নিশ্চিত করতে হবে<br><br>ইউপি চেয়ারম্যানগণের অনুকূলে বিলি আদেশ জারী নিশ্চিত করতে হবে।<br><br>নির্দিষ্ট প্রকল্প সভাপতি বরাবর বিলি আদেশ জারী নিশ্চিত করতে হবে।<br><br>৪৬ জন ডিলারের মাধ্যমে হতদরিদ্রদের মাঝে চাল ও আটা বিলি বিতরণ করা হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | **বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ**<br><br>উপজেলা বন বিভাগের আওতায় উপজেলার কপকপিয়া হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে ১.০০ কিলোমিটার ২য় আর্বতের বাগান সৃজন কাজ বাস্তবায়ন করা হবে। | উপজেলার ইউনিয়ন পর্যায়ের সরকারি রাস্তায় বনজ ও বজ্রপাত নিরোধক বৃক্ষ রোপন নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১২ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br><br>উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য এপ্রিল/২০২২ মাসে সম্ভাব্য মোট ২২০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক, আপ্যায়ন ও ইন্টারনেট বিল পরিশোধ খাতে ৪০,০০০/- টাকা। বাংলা ১৪২৯ সালে হাট বাজার ইজারা পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ ভোরের দর্পন পত্রিকায় বিল বাবদ ৬৩৫৭৮/- টাকা এবং যুগের কথা পত্রিকার বিল বাবদ ২১৫২৩/- টাকার বিল পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর নভেম্বর, ২০২১ হতে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন বিল বাবদ ৫০,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের নভেম্বর, ২০২১ হতে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন বিল বাবদ যথাক্রমে ৪০,০০০+৪০০০০=৮০০০০/- উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। উক্ত ব্যয় যথার্থ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য এপ্রিল/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০,০০০+ ৬৩৫৭৮/- +২১৫২৩ +৫০০০০ +৮০০০০ = ২৫৫১০১/- উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১৩ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br><br>তিনি বলেন মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের একান্ত প্রচেষ্টায় উল্লাপাড়া উপজেলায় ৫০০ (পাঁচশত) টি বয়স্কভাতার বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে বয়স্কভাতার জন্য যোগ্য ব্যক্তিদের নিকট হতে অনলাইনে আবেদন সংগ্রহ করা হয়েছে। আবেদনকৃত ব্যক্তিদের মধ্য হতে উক্ত ৫০০ জন বয়স্ক ভাতাভোগী নির্বাচন করার নির্দেশনা রয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয় ভাতা গ্রহীতার নাম চূড়ান্ত করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন ভিত্তিক বিভাজন নিম্নরূপ<br><br>উল্লাপাড়া পৌরসভা-২৪ জন, বাঙ্গালা-৩০ জন, বড়পাঙ্গাসী-২৮ জন, দূর্গানগর-৪৮ জন, বড়হর-৪৬ জন, হাটিকুমরুল-৪৮ জন, কয়ড়া-৩৮ জন, মোহনপুর-৩৯ জন, পঞ্চক্রোশী-৪৩ জন, পূর্নিমাগাতী-৩১ জন, রামকৃষ্ণপুর-২৮ জন, সলঙ্গা-৪০ জন, সলপ-২৩ জন, উধুনিয়া-১৯ জন, উল্লাপাড়া সদর - ১৫ জন। | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন ভিত্তিক বিভাজন করে দ্রুত ভাতা বিতরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |

<table>
<tr><td></td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ঃ<br>১। ভিজিডি ডিও এপ্রিল/২০২২ মাসের প্রদান করা হয়েছে। ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় যথাসময়ে ব্যাংকে জমা করছেন কিনা তদারকি করা প্রয়োজন। উপকারভোগীরা যাতে নিয়মিত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন সে বিষয়ে খেয়াল রাখা প্রয়োজন।<br><br>১৫ টি কিশোর কিশোরী ক্লাবের ৪৫০ জন কিশোর কিশোরীর জন্য গেঞ্জী বরাদ্দ পাওয়া গেছে সাথে আইডি কার্য ও বহির বরাদ্দ পাওয়া গেছে। যা কিশোর কিশোরীদের মধ্যে বিতরণ করা প্রয়োজন।</td><td>উপকারভোগীদের সঞ্চয় সঠিক সময়ে ব্যাংকে জমা দিতে হবে এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>প্রাপ্ত বরাদ্দ কিশোর কিশোরীদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া<br>তিনি বলেন উপজেলার প্রায় প্রতিটি গ্রামেই আনসার ও ভিডিপি সদস্য/সদস্যারা তাদের দায়িত্ব পালন করছে। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের জন্য একটি অফিস কক্ষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</td><td>বাল্য বিবাহ, মাদক, জুয়ার বিষয়ে তথ্য দিয়ে উপজেলা প্রশাসনকে সহযোগিতা প্রদানের জন্য আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া<br>টিআর, কাবিখার কাজ যথারীতি চলছে। টিসিবি মালামাল বিতরণ নিয়মিত তদারকি করা হচ্ছে এবং বিতরণ প্রতিবেদন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরন করা হচ্ছে।</td><td>টিসিবি'র মালামাল বিতরনের দিন সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাকে যথাসময়ে সংশ্লিষ্ট ইউনিয়নে উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তা, উল্লাপাড়া</td></tr>
<tr><td>১৭</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া<br>উপজেলা বিএডিসি এর পক্ষ হতে চলতি অর্থ বছরে ৩০ টি গভীর নলকূপ সচল করা হবে। ৩০ কিলোমিটার খাল খনন করা হবে। ৩০টি এলএলপি স্কীম স্থাপন করা হবে। ২০ টি হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ করা হবে। ১০ টি জলাবদ্ধতা নিরসন করা হবে।</td><td>উপজেলা বিএডিসি অফিসের যাবতীয় কাজ উপজেলা পরিষদের সাথে সমন্বয় পূর্বক দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া</td></tr>
<tr><td>১৮</td><td>চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি<br>তিনি বলেন তার ইউনিয়নের বনানী বাজার হতে আঙ্গারু বাজার পর্যন্ত হেরিং বন্ড রাস্তার কাজ শুরু হয়েছে। রাস্তার কাজ প্রাক্কলন অনুসরণপূর্বক করা হচ্ছে না এবং নিম্নমানের উপকরণ ব্যবহার করা হচ্ছে। দ্রুত কাজ বন্ধ করে প্রাক্কলন অনুযায়ী এবং গুনগত মানসম্পন্ন উপকরণ ব্যবহার করে কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td>অবকাঠামোগত উন্নয়নের কাজে প্রাক্কলন যথাযথভাবে অনুসরণ পূর্বক মানসম্মত উপকরণ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>কাজের গুনগত মান নিশ্চিত কল্পে ইউপি চেয়ারম্যানদের দায়িত্বশীলতার সাথে তদারকি নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী, পিআইও, উল্লাপাড়া<br><br>ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ<br>উল্লাপাড়া উপজেলার সার্বিক উন্নয়নের সার্থে এবং বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনায়নে উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের বাইরে যেসকল দপ্তর রয়েছে তাদেরকে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>২। উপজেলার বাঙ্গালা দূর্গানগর ও হাটিকুমরুল ইউনিয়নে দফাদার ও মহল্লাদার নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষায় নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে দফাদার মহল্লাদার পদে নিয়োগের জন্য সুপারিশ করা হয়।
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>পদের নাম</th><th>নির্বাচিত/সুপারিশকৃত ব্যক্তির নাম ও ঠিকানা</th></tr>
<tr><td>বাঙ্গালা</td><td>দফাদার</td><td>মোঃ এরশাদ আলী, পিতা-শুকুর আলী, মাতা-মৃত রাবেয়া খাতুন, সাং-চেংটিয়া, ডাকঘর-ধরইলহাট, উল্লাপাড়া</td></tr>
<tr><td>বাঙ্গালা</td><td>মহল্লাদার</td><td>মোঃ মিল্টন হোসেন, পিতা-মোঃ</td></tr>
</table></td><td>উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের বাইরে যেসকল দপ্তর রয়েছে তাদেরকে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকার বিষয়ে সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো</td><td>বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | <table><tr><td></td><td></td><td>আফছার আলী, মাতা-মোছা লাইলী খাতুন, সাং-খোজাখালী, ডাকঘর-মোড়দহ, উল্লাপাড়া</td></tr><tr><td>দূর্গানগর</td><td>মহল্লাদার</td><td>মোঃ জাহিদুল ইসলাম, পিতা-মোঃ মোজাফ্ফর হোসেন, মাতা-মোছাঃ নুরজাহান খাতুন, সাং-রাজমান দহপাড়া, ডাকঘর-রাজমান, উল্লাপাড়া</td></tr><tr><td>হাটিকুমরুল</td><td>মহল্লাদার</td><td>দয়াল কুমার, পিতা-গোবিন্দ চন্দ্র দাস, মাতা-আল্লাদী রানী দাস, সাং-চড়িয়াকালীবাড়ী, ডাকঘর-সলঙ্গা, উল্লাপাড়া</td></tr><tr><td>কয়ড়া</td><td>মহল্লাদার</td><td>মোঃ শাহীন আলম, পিতা-মোঃ শামীম রেজা, সাং-চড়ুইমুড়ী, উল্লাপাড়া</td></tr></table> | | |
| ২০ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>তিনি প্রাথমিক শিক্ষার মানোন্নয়ে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ এবং এসএসসি কমিটির সমন্বয়ে একটি সেমিনার আয়োজনের সুপারিশ করেন। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কাজের গুনগত মান নিশ্চিত করতে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ কে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশল দপ্তরের অধীনে টেন্ডারকৃত কাজগুলো দ্রুত শুরু করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ডিও নিয়ে সাব মারসিবল রাস্তা নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর অত্র উপজেলার জন্য ২০ কিলোমিটার রাস্তা নির্মাণের চাহিদা প্রেরণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ডিও নিয়ে অত্র উপজেলার জন্য ২০ কিলোমিটার রাস্তা নির্মাণের চাহিদা প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | সহকারী প্রকৌশলী, বিএডিসি উল্লাপাড়া |
| | দূর্গানগর ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মিত হয়েছে এবং তা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। কিন্তু অদ্যাবধি নতুন ইউনিয়ন পরিষদ ভবনে কার্যক্রম শুরু করা হয় নাই। দ্রুত নতুন ভবনে কার্যক্রম শুরু করার জন্য চেয়ারম্যান, দূর্গানগর ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। | দূর্গানগর ইউনিয়ন পরিষদের জন্য নির্মিত নতুন ভবনে কার্যক্রম শুরু করা এবং পুরাতন ভবন তালাবদ্ধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, দূর্গানগর ইউপি, উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া ঃ**<br>১। সভাপতি, উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিজ নিজ দায়িত্ব আন্তরিকতার সাথে পালন করার অনুরোধ জানান। সেই সাথে সকল উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>২। উপজেলায় কিশোর বাইক রাইডারদের দৌরাত্ম বৃদ্ধি পেয়েছে। কিশোর বাইক রাইডারদের ড্রাইভিং লাইসেন্স নিশ্চিত করার মাধ্যেমে তাদের দৌরাত্ম বন্ধ করার অনুরোধ জানান। | কিশোর বাইক রাইডারদের ড্রাইভিং লাইসেন্স ও গাড়ীর লাইসেন্স নিশ্চিত করতে হবে। | অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা |
| ২২ | **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪**<br>সভায় উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ বলেন উপজেলার সার্বিক উন্নয়নে টিমে কাজ করার ধারা অব্যাহত রাখতে হবে। উপজেলার সলঙ্গা ইউনিয়নের সার্বিক উন্নয়নে পিছিয়ে আছে মর্মে উল্লেখ করে সলঙ্গা ইউনিয়নের সার্বিক উন্নয়ন তরান্বিত করতে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে স্বনির্ভর হয়েছে এমন যুব/যুব মহিলাদের তালিকা প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের প্রেরণ করার | উপজেলা যুব উন্নয়ন দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে স্বনির্ভর হয়েছে এমন যুব/যুব মহিলাদের | উপজেলা যুব উন্নয়ন |



CamScanner

| | | |
|---|---|---|
| জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে নির্দেশনা প্রদান করেন।<br><br>উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অধীনে চলমান প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়াকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে প্রশিক্ষণার্থী বাছাইয়ের কাজে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়াকে সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করেন। | তালিকা প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অধীনে চলমান প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে | কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১১.০৪.২২

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.১৬-৪৩১ তারিখ : ১১-০৪-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ----------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

১১/০৪/২২

( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CamScanner